

Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 30 March, 2025

রোববার (৩০ মার্চ) সকালে জাতীয় হাইকোর্ট প্রাক্তনের জাতীয় ঈদগাহ ময়দান পরিদর্শন শেষে প্রেস ব্রিফিংয়ে তিনি এই মন্তব্য করেন।

স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, ‘কলকাতায় যারা পালিয়ে আছেন তারা ক্রিমিনাল। তাদের বিরুদ্ধে যে ধরনের ব্যবস্থা নেয়া দরকার, তাই নেয়া হচ্ছে। ঈদে যেকোনো ধরনের নাশকতার চেষ্টা করলে প্রতিহত করা হবে।

ঈদে নাশকতার গুঞ্জন গুঞ্জনই থাকে, নিরাপত্তা ব্যবস্থার কোনো অভাব নেই বলেও জানান জাহাঙ্গীর আলম।

এর আগে ঢাকার কমলাপুর রেলস্টেশন পরিদর্শনে গিয়ে স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, ‘ঈদযাত্রার সময় প্রতি বছর ট্রেনের টিকিট কালোবাজারি সিডিকেট গড়ে ওঠে। এতে রেলওয়ের লোকজনও জড়িয়ে পড়ে। এবার সেটা কঠোরভাবে নজরদারি করা হয়েছে। রেলের কেউ এসবে জড়াতে পারেনি। ফলে যাত্রীদের অসুবিধায় পড়তে হয়নি।

তিনি আরও বলেন, ‘শিডিউল বিপর্যয় ছাড়া সময়মতো সব ট্রেন ছেড়ে যাচ্ছে। ভোগান্তিহীন ঈদ যাত্রায় স্বস্তির কথা বলছেন যাত্রীরা।

ঘরমুখো মানুষ স্বস্তিতে বাড়ি ফিরছে উল্লেখ করে স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, ‘পথে পথে চাঁদাবাজি চলতো, গাড়ি থামানো হতো। সেটা কিন্তু এবার নেই। দুর্নীতিতে জিরো টলারেন্স নীতির কারণেই কেউ এটা করার সুযোগ ও সাহস পায়নি। পাশাপাশি আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা তৎপর রয়েছে। তারা নির্দেশনা মোতাবেক ভালো কাজ করছেন। সবমিলিয়ে ঈদযাত্রায় আমরা ইতিবাচক ফলাফল পাচ্ছি।

আর সদরঘাট পরিদর্শনে গিয়ে তিনি বলেন, ‘নৌপথেও এবারের ঈদযাত্রা স্বাস্থ্যকর। এরইমধ্যে ১০ লাখ যাত্রী নৌপথে গ্রামে গেছেন। ভাড়া নিয়েও কোনো অসন্তোষ নেই।

স্বরাষ্ট্র উপদেষ্টা কালোবাজারি হাইকোর্ট সিডিকেট